স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ— ২৩শে পৌষ বুধবার ১৩৭০ ইংরাজী 8th Jan. 1964 { ৩১শ সংখ্যা




**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Sarkar

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা বৰ্ত্তাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

উচ্চমানে ভারতীয়ত্ব ও বিপুলতা অবাধে।

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA D. M.

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে

জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেণ্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ ( বাস ষ্ট্যাণ্ড )

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ, অগ্রিম দেয় নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন' ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৩শে পৌষ বুধবার সন ১৩৭০ সাল।

# মানদণ্ড হইতে রাজদণ্ড!
# রাজদণ্ড হইতে রাজদণ্ড!

ইংরাজ এদেশে বণিক-বেশে মানদণ্ড (দাঁড়িপাল্লা) হস্তে আসিয়া রাজসিংহাসন অধিকার করিয়া রাজদণ্ড গ্রহণ করিয়াছিল। এত সুখের রাজ্য বিনা যুদ্ধে কংগ্রেসের হস্তে খণ্ডিত ভারতের 'ভারত' নামধেয় অংশ অর্পণ করিয়া স্বদেশে ফিরিয়া গিয়াছে।

কংগ্রেস সেবক-বেশে দেশের সেবা ও শুভেচ্ছা প্রকাশ করিয়া শাস্তিস্বরূপ রাজদণ্ড (সাজা) লাভ করিয়া কারাগারে বন্দী অবস্থায় নির্য্যাতন ভোগ করিতে করিতে সাম্রাজ্য শাসনরূপ রাজদণ্ড (Sceptre) লাভ করিলেন।

দুই শত বৎসরের পরাধীন জাতি আজ ষোল বৎসর হইল স্বাধীনতা লাভ করিয়া মনে মনে কতই আশা পোষণ করিয়াছিল। পরাধীন দেশের কংগ্রেস সেবকের আসন ত্যাগ করিয়া স্বাধীন দেশের শাসকের সিংহাসন যেদিন গ্রহণ করিয়াছে, বহু-কালের মোটা ভাত, মোটা কাপড়ের কাঙাল আজ খাদ্যে আমের আঁটির শাঁস, তেঁতুল বিচি, পাথরের গুঁড়ো প্রভৃতি মানুষের অখাদ্য মিশ্রিত খাদ্য খাইয়া স্বাধীনতার উদ্গার তুলিয়া ধন্য হইতেছে। খাদ্যবস্তু যা দুর্ম্মূল্য ও দুষ্প্রাপ্য হইয়াছে তাহা মুখে বলিয়া শেষ করা যায় না। অতিরিক্ত মূল্য দিয়াও কন্ট্রোলের দোকানদারের আইন কানুনের বহর দেখিয়া এবং তাঁহার বিরক্তিব্যঞ্জক দন্তবিকাশ ও মুখভঙ্গী দেখিয়া মনে হয় এ রাজ্যে দোকানদারের যখন এই প্রতাপ, না জানি রাজ্যপরিচালকগণ কত ক্ষমতাপন্ন।

ষোল বৎসর শাসনভার গ্রহণ করিয়া কংগ্রেস দেশের পুঞ্জীভূত দুঃখ, দৈন্য এবং দুর্দ্দশার কিঞ্চিন্মাত্র অবসান করা দূরে থাক, নূতন নূতন কর বৃদ্ধি করিয়া সাধারণ মানুষের জীবনযাত্রা দুর্ব্বহ করিয়া তুলিয়াছে। ফলে জনসাধারণের মন হইতে কংগ্রেস ক্রমশঃ দূরে সরিয়া যাইতে আরম্ভ করিয়াছে। কংগ্রেসকর্ম্মিগণ আত্মসাধনায় মগ্ন; কেহ মন্ত্রিত্ব লইয়া ব্যস্ত, কেহ আবার সেই মন্ত্রীর সেক্রেটারীগিরি লইয়া ব্যস্ত। কেহ কেহ, স্বনামে বেনামে,—লাইসেন্স, পারমিট, সরকারী এজেন্সী, ঠিকাদারী, ব্যবসায়ী মহলে আসর গরম, ইত্যাদি লইয়া মগ্ন। আবার কেহ কেহ উপদেষ্টা সাজিয়া সরকারী কর্ম্ম-চারীদের আশে পাশে ঘুরিতেছেন। কেহ কেহ বা পুলিশ বিভাগকে নানারূপ সংবাদ দিয়া কর্ম্মশক্তির তারিফ লইতেছেন।

এদিকে সুচতুর প্রচার নিপুণ কমিউনিষ্ট দল নির্ব্বিরোধে প্রচার-কার্য্য চালাইয়া যাইতেছে। ইহাদের চক্ষে কুম্ভীরাশ্রু নিরীক্ষণ এবং মুখে দরদের কথা শুনিয়া বিক্ষুব্ধ ও শোষিত জন-মন ক্রমেই বিপ্লবী হইয়া উঠিবে। অশান্ত জন-মনকে শান্ত করিবার মত সম্বল কংগ্রেসের ভাণ্ডারে কমিয় আসিতেছে। বাক্য ও আচরণে সামঞ্জস্য-হীনতা এই ষোল বৎসরে কংগ্রেসকে অনেক নিম্নগামী করিয়া তুলিয়াছে। জনসাধারণের সম্মুখে অতীতের ত্যাগীবৃন্দের ত্যাগের কথা পুনঃ পুনঃ উল্লেখ করিয়া বর্ত্তমানে আসর জমানো সুকঠিন।

উলঙ্গ থাকিয়া খালি পেটে নেতৃবৃন্দের মধুর মধুর বক্তৃতা শুনিয়া, লোকের নগ্নতা বা ক্ষুধার নিবৃত্তি হইবে না। যে সব দোষের জন্য বিদেশী শাসকগণ নিন্দিত হইয়াছিল, আমাদের স্বদেশী-শাসকগণ যতদিন সেই সমস্ত দোষ-বিমুক্ত না হন ততদিন স্বাধীনতার কোনও সার্থকতা কেহ উপলব্ধি করিতে সমর্থ হইবে না।

---

জাতীয় প্রতিরক্ষা তহবিলে
মুক্তহস্তে দান করুন

## প্রাপ্তি স্বীকার

নিম্নের প্রসিদ্ধ ব্যবসা প্রতিষ্ঠান সমূহ হইতে আমরা ইংরাজী ১৯৬৪ সালের সুদৃশ্য ক্যালেণ্ডার পাইয়াছি। ভগবৎসমীপে উক্ত প্রতিষ্ঠানগুলির ক্রমোন্নতি ও স্থায়িত্ব কামনা করি।

১। মেসার্স সি, কে, সেন এণ্ড কোং প্রাঃ লিঃ
৩৪, চিত্তরঞ্জন এ্যাভেনিউ, কলকাতা—১২
২। মেসার্স রঘুনাথ দত্ত এণ্ড সন্স প্রাঃ লিঃ
৩২-বি, ব্রাবোর্ণ রোড, কলিকাতা—১
৩। মেসার্স হাজরা চৌধুরী, চীনাবাজার
কলিকাতা—১
৪। মেসার্স বান্ধব বিড়ি ফ্যাক্টরী,
অরঙ্গাবাদ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জের ব্যবসা প্রতিষ্ঠান
৫। মেসার্স কেনারাম চন্দ্র এণ্ড সন্স
৬। মেসার্স বামাপদ চন্দ্র এণ্ড সন্স
৭। মেসার্স ফণিভূষণ সিংহ এণ্ড সন্স

---

## একাল সেকাল

॥ সু—মো—দে ॥

হাফ কাপ চা ও সিঙ্গেল পান
এখন বিক্রি নাই,
আকাশ-চুম্বী দ্রব্য-মূল্য
জীবনটা আইঢাই!
কোন্ জিনিষটা রয়েছে সস্তা?
প্রাণ নাজেহাল ও দুরবস্থা!
চড়া দাম চাল ভাতের অভাব
পেট করে চাই চাই!
হাফ কাপ চা ও সিঙ্গেল পান
এখন বিক্রি নাই!
শায়েস্তা খাঁর এই বাংলায়
সাড়ে সাত মণ চাউল টাকায়,
অধুনা 'কাঁকর মণি' এক কে-জি
তিনটি সিকিতে পাই!
হাফ কাপ চা ও সিঙ্গেল পান
এখন বিক্রি নাই!

## প্রধানমন্ত্রী অসুস্থ

কংগ্রেসের ভুবনেশ্বর অধিবেশনে যোগদানকারী ভারতের প্রধানমন্ত্রী শ্রীজহরলাল নেহরু ৭-১-৬৪ হঠাৎ রক্তের চাপ বৃদ্ধির জন্য এমন অসুস্থ হইয়া পড়েন যে বিষয় নির্ব্বাচনী সভার বৈঠক হইতে তাঁহাকে ধরাধরি করিয়া উঠাইয়া লইয়া যাইতে হয়। চিকিৎসকের পরামর্শে প্রধানমন্ত্রীর সমস্ত কার্য্য তালিকা বাতিল করিতে হয়। শ্রীনেহেরুর রাজনৈতিক মতবাদের সহিত অনেকেই ভিন্ন মত পোষণ করেন কিন্তু এই কর্ম্মচঞ্চল জননেতার অসুস্থতায় সকলেই উদ্বিগ্ন।

## সাধারণের জ্ঞাতব্য

এতদ্দ্বারা পশ্চিমবঙ্গের দক্ষিণ পূর্ব্ব গ্র্যাজুয়েট কন্‌ষ্টিটুয়েন্সির ভোটারদিগকে জানানো যাইতেছে যে ১৯৬০ সালের ভোটার রেজিষ্ট্রী করার নিয়ম অনুসারে ১টী ভোটার তালিকা প্রস্তুত করা হইয়াছে এবং ঐ ভোটার তালিকার নকল ইলেক্টোরাল রেজিষ্ট্রেশন অফিসারের অফিসে ১১নং নেতাজী সুভাষ রোড, কলিকাতা—১ কমিশনার প্রেসিডেন্সি ডিভিসনের অফিস; হাওড়ার জিলাশাসক মহোদয়ের অফিসে এবং সংশ্লিষ্ট থানার তালিকা ঐ থানায় জনসাধারণের পরিদর্শনের জন্য রাখা হইয়াছে এবং অফিস খোলা থাকাবস্থায় ঐ তালিকা জনসাধারণ দেখিতে পাইবেন।

এই ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি করা সম্পর্কে কোন দাবী বা কোন নামের অন্তর্ভুক্তি সম্পর্কে কোন আপত্তি থাকিলে বা লিখনের অন্তর্গত বিশেষ বিবরণ সম্বন্ধে কোন আপত্তি থাকিলে নির্দ্ধারিত ফরমে ইলেক্টোরাল রেজিষ্ট্রেশন অফিসারের অফিসে বা সংশ্লিষ্ট মহকুমা শাসকের অফিসে ১৯৬৪ সালের ২২শে জানুয়ারী তারিখের মধ্যে উপস্থাপিত করিতে হইবে বা পূর্ব্বোক্ত তারিখের মধ্যেই ইলেক্টোরাল রেজিষ্ট্রেশন অফিসারের অফিসে পৌঁছায় এইভাবে নিবন্ধীকৃত (রেজিষ্টার্ড) ডাকযোগে পাঠাইতে হইবে।

—জঙ্গিপুর মহকুমা প্রচার সংস্থা

## শক্তি প্রতিযোগিতা



দেহে বল, স্ফূর্ত্তি চিতে,
কেবা হারে কেবা জিতে।

## মুক্তি প্রতিযোগিতা



দিন কেটে অনাহারে,
কে আগে যাইতে পারে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২০শে জানুয়ারী, ১৯৬৪

১৯৬২ সালের ডিক্রীজারী

২০ স্বত্ব ডিঃ শ্রীনন্দন দাস দেং শ্রীপতিনাথ দাস দেং দাবি ১৫৩ টাকা ৭৪ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে জালাদিপুর ৩৪ শতক মধ্যে ৮॥০ শতকের কাত।৵০ আঃ ৫০৲ খং ১০২

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১০ই ফেব্রুয়ারী, ১৯৬৪

১৯৬২ সালের ডিক্রীজারী

৮ মনি ডিঃ জ্যোতিন্দ্রনারায়ণ মজুমদার মৃতান্তে ওয়ারীশ পুত্র কালীপ্রসাদ মজুমদার দিং দেং সরোজাক্ষ মুখোপাধ্যায় দিং দাবি ১১৯০ টাকা ৪৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নাইতবৈদড়া ১৪০ শতকের কাত ২৲ আঃ ৬০০৲ খং ১০২ ২নং লাট মৌজাদি ঐ ৬০ শতকের কাত ১৲ আঃ ৩০০৲ খং ১০৩৭ ৩নং লাট মৌজাদি ঐ ১২৮ শতকের কাত ২৲ আঃ ১০০৲ খং ২৫৬

১৯৬৩ সালের ডিক্রীজারী

২৯ স্বত্ব ডিঃ কাজি আবদুল কাদের দিং দেং কাজি ফাইজুদ্দিন দিং দাবি ৪১৭ টাকা ৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালিঘাটা ৯৯ শতকের কাত ১৲ তন্মধ্যে দেন্দারের ½ অংশে ২০ শতক হারাহারি খাজনা ২১ নঃ পঃ আঃ ২০০৲ খং ৫৩৮

---

## Notice

From competent firms quotations are invited in sealed covers within 21st January, 1964 for supplying science appliances.

Secretary, Mirzapur D. P. H. S.
Multipurpose School.
P. O. Gankar (Murshidabad)
5-1-64

---

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জ বা কু সু ম তৈ লে র গু ণ অ তু ল নী য়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন,
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন।
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎচন্দ্র পণ্ডিত ( দা'ঠাকুর)

## রাষ্ট্রভাষার পরীক্ষার ফলাফল

রঘুনাথগঞ্জ বহুমুখী বিদ্যালয় কেন্দ্র হইতে রাষ্ট্র-ভাষা প্রচার সমিতি, ওয়ার্ধা পরিচালিত ১৯৬৩ সালের সেপ্টেম্বর মাসে গৃহীত বিভিন্ন পরীক্ষায় নিম্নলিখিত ছাত্র-ছাত্রীগণ উত্তীর্ণ হইয়াছেন :—

রাষ্ট্রভাষা প্রাথমিক পরীক্ষা

১ম বিভাগ—শ্রীপিনাকী মুখোপাধ্যায়, শ্রীরবীন্দ্র-কুমার পণ্ডিত।

২য় বিভাগ—শ্রীবরুণকুমার লালা, শ্রীজয়চন্দ্র দাস, শ্রীসুশান্তকুমার দাস।

৩য় বিভাগ—শ্রীদীপ্তেন্দু মুখোপাধ্যায়

রাষ্ট্রভাষা প্রারম্ভিক পরীক্ষা

২য় বিভাগ—শ্রীরামপদ মুখোপাধ্যায়, শ্রীশচীনন্দন রায়, মোঃ ইউসুফ সিদ্দিকী।

৩য় বিভাগ—কুমারী দেবযানী মণ্ডল, কুমারী মীরা মজুমদার, কুমারী রেবা লালা, শ্রীচন্দ্রশেখর দাস, শ্রীঅশ্বিনী মণ্ডল, শ্রীচিত্তরঞ্জন মুখোপাধ্যায়।

রাষ্ট্রভাষা প্রবেশ পরীক্ষা

৩য় বিভাগ—শ্রীআবদুল হক খাঁ, শ্রীধর্মদাস তরফদার, দুর্গাচরণ দত্ত, পূর্ণচন্দ্র দাস।

শ্রীমৃগাঙ্কশেখর চক্রবর্ত্তী,
কেন্দ্র ব্যবস্থাপক।

---

## Raghunathganj Girls' H. S. School.

Wanted a graduate lady teacher (preferably a B. T.) competent to help in the teaching of Logic and Economics. Applications shall be received by the Secretary of the school till the 31st January, 1964.

---

## পাকা বাড়ী বিক্রয়

জঙ্গিপুর সহরে একটী পাকা বাড়ী বিক্রয় আছে। খতিয়ান নং ৫৫৮ দাগ নং ২৯৯৬ জমির পরিমাণ ১২ শতক। নিম্ন ঠিকানায় সন্ধান করুন।

শ্রীসত্যেন্দ্রপ্রসন্ন সরকার, এডভোকেট
মালদহ
পিতা ৺কালীপ্রসন্ন সাহা।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

৪২৩/৬৩ স্বত্ব মোকদ্দমা

বাদী—পীর সুলতান গিয়াসুদ্দিন সাহেবের খাদেম সেখ মহম্মদ বদিউজ্জমান

বিবাদী—পশ্চিমবঙ্গ সরকার দিং

এতদ্দ্বারা থানা সাগরদীঘি অধীন গঞ্জসিংহেশ্বরী মৌজার মুসলমান সর্ব্বসাধারণকে জ্ঞাত করান যাইতেছে যে উপরোক্ত বাদী পীর সুলতান গিয়াসুদ্দিন সাহেবের খাদেম স্বরূপে উক্ত মৌজার ২১৮নং খতিয়ানের ৪নং দাগের ৬ শতক ও ১৪/৩৭৫নং দাগের ৩৮ শতক ও ২১৬নং খতিয়ানের ২নং দাগের ৩৩১ শতক ও ৫নং খতিয়ানের ৩নং দাগের ৭৩ শতক মোট ৪৪৮ শতক সম্পত্তি R. S. এ ভ্রমাত্মক রেকর্ড এর বিরুদ্ধে বাদীর স্বত্ব থাকা সাব্যস্তে চিরস্থায়ী নিষেধাজ্ঞা বাবত এক মোকর্দ্দমা করিয়াছেন। তাহাতে মুসলমান সর্ব্বসাধারণের কাহারও কোন আপত্তি থাকিলে বা বিবাদী শ্রেণীভুক্ত হইতে ইচ্ছা করিলে আগামী ১৯৬৪ সালের ১৮।১ তারিখে বেলা ১০॥০টার সময় উপস্থিত হইয়া আপন আপন আপত্তি দর্শান জন্য এই বিজ্ঞপ্তি দেওয়া হইল। ইতি—১৮।১২।৬৩

By Order,
H. K. Roy
Sheristadar, 2nd. Munsif's Court
Jangipur.

---

## সাধারণের জ্ঞাতব্য

এতদ্দ্বারা পশ্চিমবঙ্গের দক্ষিণ পূর্ব্ব শিক্ষক কনষ্টিটুয়েন্সির ভোটারদিগকে জানানো যাইতেছে যে ১৯৬০ সালের ভোটার রেজিষ্ট্রী করার নিয়ম অনুসারে ১টী ভোটার তালিকা প্রস্তুত করা হইয়াছে এবং ঐ ভোটার তালিকার নকল ইলেক্টোরাল রেজিষ্ট্রেশন অফিসারের অফিসে ১১নং নেতাজী সুভাষ রোড, কলিকাতা—১ কমিশনার প্রেসিডেন্সি ডিভিসনের অফিস; হাওড়ার জিলাশাসক মহোদয়ের অফিসে এবং সংশ্লিষ্ট থানার তালিকা ঐ থানায় জনসাধারণের পরিদর্শনের জন্য রাখা হইয়াছে এবং অফিস খোলা থাকাবস্থায় ঐ তালিকা জনসাধারণ দেখিতে পাইবেন।

এই ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি করা সম্পর্কে কোন দাবী বা কোন নামের অন্তর্ভুক্তি সম্পর্কে কোন আপত্তি থাকিলে বা লিখনের অন্তর্গত বিশেষ বিবরণ সম্বন্ধে কোন আপত্তি থাকিলে নির্দ্ধারিত ফরমে ইলেক্টোরাল রেজিষ্ট্রেশন অফিসারের অফিসে বা সংশ্লিষ্ট মহকুমা শাসকের অফিসে ১৯৬৪ সালের ২২শে জানুয়ারী তারিখের মধ্যে উপস্থাপিত করিতে হইবে বা পূর্ব্বোক্ত তারিখের মধ্যেই ইলেক্টোরাল রেজিষ্ট্রেশন অফিসারের অফিসে পৌছায় এইভাবে নিবন্ধীকৃত (রেজিষ্টার্ড) ডাক-যোগে পাঠাইতে হইবে।

—জঙ্গিপুর মহকুমা প্রচার সংস্থা

---

## নোটিশ

মুর্শিদাবাদ জেলার অন্তর্গত নিম্নলিখিত স্থানে নূতন দেশী মদের দোকান ১৯৬৩-৬৪ সালের জন্য বন্দোবস্ত করা হইবে। তজ্জন্য পঁচাত্তর নয়া পয়সা মূল্যের কোর্টফি সহ নির্দ্ধারিত ফরমে (অন্য কোন দরখাস্ত গ্রহণ যোগ্য নয়) ২০শে জানুয়ারী, ১৯৬৪ তারিখের মধ্যে উপরোক্ত দোকান বন্দোবস্ত গ্রহণেচ্ছু ব্যক্তিদের নিকট দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

দরখাস্ত বহরমপুরস্থিত মুর্শিদাবাদ জেলা আবগারী অফিসে গ্রহণ করা হইবে।

বিস্তারিত বিবরণ নিকটস্থ আবগারী অফিসে জানা যাইবে।

১। লালবাগ মহকুমার নবগ্রাম থানার অধীন—
কনকপাড়া

২। কান্দি মহকুমার খড়গ্রাম থানার অধীন—
জয়পুর

স্বাঃ- এস, কে, ব্যানার্জ্জী
অতিরিক্ত জেলাশাসক পক্ষে অন্তঃশুল্কাধ্যক্ষ,
মুর্শিদাবাদ।

---

## গৃহ নির্ম্মাণের উপযোগী জমি

রঘুনাথগঞ্জ চাউলপটীর পশ্চিমদিকের ময়দানে /৫ কাঠা জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীবামাপদ দত্ত, নাজির
জঙ্গিপুর মুন্সেফী আদালত।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর**
খাগড়া মুর্শিদাবাদ



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

***ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন***

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।